107

দৈনিক ইনকিলাব

তারিখ MAR. 8 1999
পৃষ্ঠা ৬ কলাম ৭

# চাঁপাইনবাবগঞ্জে পাঠ্যবইয়ের অভাবে মাদ্রাসা ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত

চাঁপাইনবাবগঞ্জ, ৭ মার্চ ঃ (জেলা সংবাদদাতা) ঃ চলতি সেশনের দুই মাস গত হলেও পাঠ্যপুস্তকের অভাবে জেলার শতাধিক মাদ্রাসার এবতেদায়ী শাখার প্রায় ১৫ হাজার ছাত্র-ছাত্রীর লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।

জানা গেছে, মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক গত ৯-৮-৯৮ ইং তারিখের পাঠ/১২৬৭৬/(২২)/৮৫ স্মারকপত্রে এবতেদায়ী ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত সকল বিষয়ের পাঠ্যপুস্তকের অনুমোদন বাতিল করা হয় এবং ১৯৯৯ সালে নতুন পাঠ্যপুস্তক চালুর ঘোষণা দেয়া হয়। কিন্তু নতুন বছরের ২ মাস অতিক্রান্ত হওয়ার পরেও নতুন পাঠ্যপুস্তক বাজারজাত কিংবা সরবরাহ করা হয়নি। ফলে মাদ্রাসার ১ম থেকে ৫ম শ্রেণীর ছাত্র-ছাত্রীরা অদ্যাবধি

তাদের নির্ধারিত পাঠ্যক্রম শুরু করতে পারেনি। অনিশ্চয়তা এবং হতাশার মাঝে অভিভাবক মহল তাদের ছেলে-মেয়েদের মাদ্রাসায় পাঠাচ্ছেন। এ ব্যাপারে কয়েকজন অভিভাবকের সাথে যোগাযোগ করা হলে

তারা মাদ্রাসা শিক্ষার ব্যাপারে হতাশা প্রকাশ করে বলেন, আমাদের ছেলেমেয়েদের সর্বনাশ হয়ে গেল। তারা এটাকে মাদ্রাসা শিক্ষা বন্ধের অশুভ পাঁয়তারা বলে আখ্যায়িত করেন।